# এসডিএস ত্রৈমাসিক বার্তা

এপ্রিল–জুন ২০২৬
সংখ্যা-০৩



Scan the code

©2026 SDS. All rights reserved.



**উন্নয়ন, সহনশীলতা ও পরিবর্তনের পথে এসডিএস**

এই সংখ্যায় এসডিএস এর এপ্রিল–জুন ২০২৬ সময়কালের বিভিন্ন কার্যক্রম, অর্জন ও উদ্যোগের উল্লেখযোগ্য দিকগুলো তুলে ধরা হয়েছে। জলবায়ু পরিবর্তন ও নদীভাঙনজনিত বাস্তুচ্যুতি এবং অ–অর্থনৈতিক ক্ষয়ক্ষতি মোকাবিলা থেকে শুরু করে পরিবেশ সংরক্ষণ, জীবিকা উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি, নারী ও যুব ক্ষমতায়ন এবং কমিউনিটি পর্যায়ের নানা উন্নয়নমূলক কার্যক্রম এতে স্থান পেয়েছে। মাঠপর্যায়ের মানুষের অভিজ্ঞতা, পরিবর্তনের গল্প এবং অংশীদারদের সহযোগিতায় বাস্তবায়িত উদ্যোগগুলোর মাধ্যমে একটি অন্তর্ভুক্তিমূলক, সহনশীল ও টেকসই সমাজ গঠনে এসডিএস–এর অব্যাহত প্রচেষ্টার প্রতিফলন ঘটেছে এই সংখ্যায়।

**ডিজাইন—**
**আদিবা বিনতে কামাল**
**কো–অর্ডিনেটর— বিজনেস ডেভেলপমেন্ট অ্যান্ড নলেজ ব্যবস্থাপনা**
**এসডিএস**

**ঠিকানা:**
**এসডিএস ভবন, সদর রোড, পালং,**
**শরীয়তপুর সদর, শরীয়তপুর।**
**ফোন: ০২৪৭৮৮১৫৪০৫, ০২৪৭৮৮১৫৪০৬**
**ওয়েবসাইট: www.sdsbd.org**



## জলবায়ু পরিবর্তনজনিত অ-অর্থনৈতিক ক্ষয়ক্ষতি: পর্যালোচনা ও মোকাবিলার উপায় অনুসন্ধান গোলটেবিল বৈঠক

ক্লাইমেট জাস্টিস রেজিলিয়েন্স ফান্ডের (সিজেআরএফ) সহযোগিতায় শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি (এসডিএস) ও প্রথম আলো যৌথভাবে ঢাকার প্রথম আলো কার্যালয়ে 'জলবায়ু পরিবর্তনজনিত অ-অর্থনৈতিক ক্ষয়ক্ষতি পর্যালোচনা ও মোকাবিলার উপায় অনুসন্ধান' শীর্ষক গোলটেবিল বৈঠকের আয়োজন করে ৮ এপ্রিল ২০২৬।



৯৮%

আলোচনায় এসডিএস-এর গবেষণার তথ্য তুলে ধরে বলা হয়, গবেষণাভুক্ত এলাকার প্রায় ৯৮% মানুষ জীবনে অন্তত একবার নদীভাঙনের কারণে বাস্তুচ্যুত হয়েছেন। এই বাস্তুচ্যুতি শুধু সম্পদ ও জীবিকার ক্ষতির মধ্যেই সীমাবদ্ধ নয়; এর ফলে অনেকেই পরিচয়সংকট, সামাজিক নিরাপত্তা কর্মসূচি থেকে বঞ্চিত হওয়া এবং শিক্ষাজীবনে বাধার মুখে পড়ছেন। পাশাপাশি অর্থনৈতিক অনিশ্চয়তা ও সামাজিক সুরক্ষার অভাবে বাস্তুচ্যুত পরিবারগুলোর মধ্যে বাল্যবিবাহের ঝুঁকিও বাড়ছে।

### অ-অর্থনৈতিক ক্ষয়ক্ষতি মোকাবিলায় করণীয়

- **অ-অর্থনৈতিক ক্ষয়ক্ষতি**: মানসিক ও সামাজিক ক্ষতি, পরিচয় ও জীবিকা হারানো, শিক্ষা ব্যাহত হওয়া ও বাল্যবিবাহের ঝুঁকি চিহ্নিতকরণে গুরুত্ব দেওয়া হয়।
- **নীতিতে অন্তর্ভুক্তি:** এসব ক্ষয়ক্ষতিকে জাতীয় নীতি, সামাজিক সুরক্ষা ও জলবায়ু পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার আহ্বান জানানো হয়।
- **সমন্বিত উদ্যোগ:** কার্যকর আন্তপ্রাতিষ্ঠানিক সমন্বয়, তথ্য সংগ্রহ ও প্রমাণভিত্তিক উদ্যোগের ওপর গুরুত্ব দেওয়া হয়।

'আমি এ পর্যন্ত আটবার বাস্তুচ্যুত হয়েছি। অন্য এলাকায় আশ্রয় নিলে "রোহিঙ্গা" বলে কটাক্ষ করা হয়। অন্যের জমি নিয়ে চাষ করতাম। সে জমি নদীভাঙনে বিলীন হয়ে গেছে।'
-নদীভাঙনের শিকার কৃষক, শরীয়তপুরের আবদুল বারেক

https://www.prothomalo.com/bangladesh/environment/dv3l0y0bvp

# সেইফ স্পেস (Safe Space)



মাধ্যমিক বিদ্যালয়ের কিশোরীদের মানসিক সুস্থতা, নিরাপত্তা ও আত্মবিশ্বাস বৃদ্ধির লক্ষ্যে ৬টি ইউনিয়নে ১,৮৫০ জন শিক্ষার্থীর জন্য 'নিরাপদ স্থান' প্রতিষ্ঠা করা হয়েছে। এখানে তারা ভয়, হয়রানি ও বৈষম্য ছাড়াই নিজেদের কথা ও অনুভূতি প্রকাশ করতে পারবে। প্রশিক্ষিত শিক্ষক ও ফোকাল পারসনের মাধ্যমে পরামর্শ, মনোসামাজিক সহায়তা ও প্রয়োজনীয় রেফারেল সেবা দেওয়া হবে। পাশাপাশি জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধ, স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা, জীবনদক্ষতা এবং পারস্পরিক সহযোগিতা বিষয়ে সচেতনতা বাড়ানো হবে।





Embassy of Switzerland-এর অর্থায়নে, Winrock International-এর সহযোগিতায় এবং এসডিএসের বাস্তবায়নে ‘আশ্বাস’ প্রকল্পের আওতায় শরীয়তপুরে মানব পাচার প্রতিরোধে সক্রিয় কর্মী সম্মেলন-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে কর্মীদের দক্ষতা বৃদ্ধি, কমিউনিটিভিত্তিক প্রতিরোধ জোরদার এবং সরকারি-বেসরকারি অংশীজনদের সমন্বয়ের ওপর গুরুত্ব দেওয়া হয়।

## মানব পাচার প্রতিরোধ ও নিরাপদ অভিবাসনে সম্মিলিত উদ্যোগ-

- নিরাপদ অভিবাসন বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি;
- মানব পাচারের ঝুঁকি দ্রুত শনাক্তকরণ;
- জাতীয় রেফারেল মেকানিজম (NRM) কার্যকরভাবে বাস্তবায়ন;
- স্থানীয় প্রশাসন, আইন-শৃঙ্খলা বাহিনী, জনপ্রতিনিধি, গণমাধ্যম ওনাগরিক সমাজের মধ্যে সমন্বয় বৃদ্ধি;
- পাচার থেকে ফিরে আসা ব্যক্তিদের মর্যাদাপূর্ণ পুনর্বাসন ওসমাজে পুনঃএকীভূতকরণে সম্মিলিত উদ্যোগ।




**"সচেতন মানুষ, শক্তিশালী কমিউনিটি এবং সমন্বিত উদ্যোগই পারে মানব পাচারমুক্ত, নিরাপদ ও মানবিক সমাজ গড়ে তুলতে।"**




৭ জুলাই ২০২৬ শরীয়তপুরে এসডিএসের তিন বছর মেয়াদি চিলড্রেন অ্যান্ড ইয়ুথ লিডিং ইনক্লুসিভ মুভমেন্টস ফর অ্যাডাপটেশন, ট্রান্সফরমেশন অ্যান্ড এনভায়রনমেন্টাল রেজিলিয়েন্স (CLIMATE) প্রকল্পের জেলা পর্যায়ের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। প্রকল্পটি নড়িয়া ও জাজিরায় শিশু, তরুণ, নারী এবং নদীভাঙনে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর নেতৃত্ব, দক্ষতা ও জলবায়ু অভিযোজন সক্ষমতা বৃদ্ধিতে কাজ করবে।



হাওলাদার কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের জ্ঞান, সচেতনতা, আচরণ ও প্রয়োজন মূল্যায়নে একটি বেসলাইন জরিপ পরিচালিত হয়েছে।




‘ক্লাইমেট প্রকল্প’-এর আওতায় নওপাড়া ইউনিয়নে স্থানীয় জলবায়ু সমস্যা ও অগ্রাধিকার নির্ধারণে পরামর্শ সভা এবং জনগণের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতে কমিউনিটিভিত্তিক দল গঠন করা হয়েছে।



## সাম্প্রতিক কার্যক্রম:

**তিনটি ক্যাম্পের মাধ্যমে মোট ৩৫৮ জন সেবা গ্রহণ করেন**

৯১ জন পুরুষ

১৬৪ জন নারী

১০৩ জন শিশু



## সমৃদ্ধির প্রকল্প উদ্যোগে বিশেষজ্ঞ স্বাস্থ্যসেবা ও নিরাপদ মাতৃত্ব সহায়তা

সমৃদ্ধি কর্মসূচির আওতায় শরীয়তপুর ও চাঁদপুরের তিনটি ইউনিয়নে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্য ও পুষ্টিসেবা দেওয়া হচ্ছে। খানাভিত্তিক পরিদর্শন, ক্লিনিক, উঠান বৈঠক ও বিশেষ স্বাস্থ্যক্যাম্পের মাধ্যমে রোগ শনাক্তকরণ, চিকিৎসা এবং নিরাপদ মাতৃত্ববিষয়ক পরামর্শ দেওয়া হয়। চলতি ত্রৈমাসিকে আয়োজিত তিনটি স্বাস্থ্যক্যাম্পে বিশেষজ্ঞ চিকিৎসকেরা নারী, শিশু ও অন্যান্য রোগীদের সেবা প্রদান করেন।



## ঐতিহ্যবাহী আউশ ধান ‘লক্ষ্মীদিঘা’: কৃষি ঐতিহ্য সংরক্ষণে এসডিএসের উদ্যোগ

এসডিএসের Agro-Microenterprise Development Unit-এর উদ্যোগে দক্ষিণ গোয়ালদীতে দুই কৃষক ঐতিহ্যবাহী আউশ ধান ‘লক্ষ্মীদিঘা’ চাষ করছেন। ১১৫–১২৫ দিনে প্রতি হেক্টরে ৩–৩.৫ টন ফলন পাওয়া গেলেও উন্নত বীজের সংকট, আগাছা ও বাজারজাতকরণ বড় চ্যালেঞ্জ। উদ্যোগটি দেশীয় ধানের জাত ও কৃষি ঐতিহ্য সংরক্ষণে ভূমিকা রাখছে।






## পলিটানেল প্রযুক্তিতে গ্রীষ্মকালীন টমেটো চাষ

জিরার জয়নগর ইউনিয়নের চরখামার গ্রামে কৃষক মাহবুব ছৈয়াল প্রথমবার পলিটানেলে বারি টমেটো-৮ চাষ করেছেন।

গ্রীষ্ম ও বর্ষায় চাষযোগ্য এ জাতটি উচ্চ তাপমাত্রায়ও ভালো ফলন দেয়।

পলিটানেল অতিবৃষ্টি ও প্রতিকূল আবহাওয়া থেকে ফসলকে সুরক্ষা দেয়।

প্রায় ৬০ দিনে ফলন শুরু হয়; প্রতি বিঘায় উৎপাদন ৪–৫ টন এবং বাজারমূল্য কেজিপ্রতি ১২৫–১৫০ টাকা।



## লেয়ার মুরগী পালন বিষয়ক ক্ষুদ্র সফল উদ্যোক্তা, খাদিজা আক্তারের গল্প

পিকেএসএফ ও এসডিএস-এর সহায়তায় খাদিজা ১৫০টি লেয়ার মুরগি পালন করে মাসে প্রায় ৮,০০০–১২,০০০ টাকা আয় করছেন। তাঁর সাফল্য পরিবারে সচ্ছলতা আনার পাশাপাশি স্থানীয় নারীদের উদ্যোক্তা হতে অনুপ্রাণিত করছে।



## খামারি ও আর্থিকভাবে স্বাবলম্বী নারী উদ্যোক্তা সেলিনা বেগম

পিকেএসএফ ও এসডিএস-এর সহায়তায় সেলিনা বেগম মাত্র ১০টি বাচ্চা থেকে রাজহাঁসের সংখ্যা ৪৯টিতে উন্নীত করে সফল নারী উদ্যোক্তা হয়েছেন। তাঁর খামারটি স্থানীয়দের জন্য জীবিকা ও কর্মসংস্থানের অনুপ্রেরণা হয়ে উঠেছে।






## ‘বিশ্ব দুগ্ধ দিবস ২০২৬, উপলক্ষে “দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের পুষ্টিগুণ বিষয়ক ক্যাম্পেইন”

পিকেএসএফ ও এসডিএস-এর Agro-Microenterprise Development Unit-এর উদ্যোগে কাগদী দারুস সালাম সিদ্দিকিয়া হাফিজিয়া মাদ্রাসায় ‘বিশ্ব দুগ্ধ দিবস ২০২৬’ পালিত হয়। অনুষ্ঠানে দুধের পুষ্টিগুণ, নিরাপদ উৎপাদন এবং নারী খামারিদের অবদান তুলে ধরা হয়।

# এগ্রো-মাইক্রোএন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইউনিট



প্রতারণার শিকার হয়ে দেশে ফিরে স্বপন খান এসডিএস ও পিকেএসএফ-এর সহায়তায় মাছ ও সবজি চাষ শুরু করেন। ১০ মাসে ৪৮.২৫ লাখ টাকা আয় ও ১৬.২৫ লাখ টাকা নিট মুনাফা অর্জন করে তিনি সফল মৎস্য উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হয়েছেন।





মাছের আঁইশ পরিষ্কার, শুকানো ও বিক্রির মাধ্যমে তিনি সফল উদ্যোক্তা হয়েছেন এবং স্থানীয় কর্মসংস্থান সৃষ্টি করছেন। রপ্তানিযোগ্য এই আঁইশ প্রসাধনী, ওষুধ, জৈব সার ও পোল্ট্রি খাদ্য তৈরিতে ব্যবহৃত হয়, যা আয় বৃদ্ধির পাশাপাশি পরিবেশদূষণ কমায়।



পিকেএসএফ ও এসডিএস-এর সহায়তায় কার্পের সঙ্গে মলা মাছ চাষ করে স্থানীয় চাষিরা কম খরচে আয় বাড়াচ্ছেন। পুষ্টিসমৃদ্ধ এই মাছ নারী ও যুবকদের কর্মসংস্থানের পাশাপাশি পুষ্টি নিরাপত্তায়ও ভূমিকা রাখছে। ভিটামিন 'এ' ও ক্যালসিয়ামসমৃদ্ধ মলা মাছ একই সঙ্গে পুষ্টি নিরাপত্তা ও অর্থনৈতিক সম্ভাবনা জোরদার করছে।

## পবিত্র ঈদুল আজহা ২০২৬: কোরবানির মাংস বিতরণ কার্যক্রম

ইসলামিক রিলিফ বাংলাদেশের সহায়তায় ও এসডিএস–এর বাস্তবায়নে ২০২৬ সালের ঈদুল আজহায় শরীয়তপুর সদর ও জাজিরার দুর্যোগপ্রবণ ৭টি ইউনিয়ন ও ১টি পৌরসভার ১,৪০০টি ঝুঁকিপূর্ণ পরিবারের মধ্যে ২,৮০০ কেজি কোরবানির মাংস বিতরণ করা হয়। ৪০টি গরুর মাংস প্রায় ৬,২৯৯ জনের কাছে স্বাস্থ্যসম্মত ও মর্যাদাপূর্ণভাবে পৌঁছে দেওয়া হয়। স্থানীয় প্রশাসন ও কমিউনিটি প্রতিনিধিদের অংশগ্রহণে কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয়।









## বিশ্ব পরিবেশ দিবস উদযাপন

এসডিএস নিজ উদ্যোগে শরীয়তপুর, মাদারীপুর, ফরিদপুর ও চাঁদপুর জেলায় মোট ৪,৬৩০টি ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ সম্পন্ন করেছে।




শরীয়তপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলনকক্ষে স্মার্ট প্রকল্পের সূচনা কর্মশালা




শরীয়তপুরের জাজিরা উপজেলার কুন্ডেরচর ইউনিয়ন পরিষদে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (UDMC) সভা, AA-SRSP-CRI প্রকল্প





SICIP প্রোগ্রামের আওতায় MPS-এর ১ম ব্যাচের গ্র্যাজুয়েট শামসুন্নাহার তাঁর কর্মস্থলে।




জলবায়ু কার্যক্রমে জেন্ডার ও আন্তঃবিভাজনীয়তা বিষয়ক প্রশিক্ষণ



দ্বিমাসিক সভা,  ইয়ুথ ক্লাইমেট ক্যাটালিষ্ট প্রকল্প

# এসডিএস-এর উদ্যোগে সাঁকো পুনর্নির্মাণ,চরগয়াতলা,শরীয়তপুর




**একটি নিরাপদ পথ, একটি নতুন সংযোগ, একটি এগিয়ে যাওয়ার গল্প।**